



হরমুজ প্রণালীতে মাইন অপসারণে অংশ নিতে পারে তুরস্ক: পররাষ্ট্রমন্ত্রী



পররাষ্ট্রমন্ত্রী ফিদান। ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্ভাব্য সমঝোতা হলে হরমুজ প্রণালীতে মাইন অপসারণ কার্যক্রমে অংশ নেওয়ার বিষয়টি বিবেচনা করছে তুরস্ক। দেশটির পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান এমন ইঙ্গিত দিয়েছেন।

শনিবার প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এর আগে শুক্রবার লন্ডনে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ফিদান বলেন, দুই পক্ষের মধ্যে চুক্তি হলে একটি আন্তর্জাতিক কারিগরি দল গঠন হতে পারে, যারা হরমুজ প্রণালী থেকে মাইন সরানোর দায়িত্ব নেবে।

তিনি জানান, মানবিক দৃষ্টিকোণ থেকে এমন উদ্যোগকে ইতিবাচকভাবে দেখে তুরস্ক। আন্তর্জাতিক সেই টিমে অংশগ্রহণের ক্ষেত্রেও তাদের কোনো আপত্তি নেই বলে মন্তব্য করেন তিনি। তবে সম্ভাব্য ঝুঁকির কথাও তুলে ধরেন তুর্কি পররাষ্ট্রমন্ত্রী। তার মতে, যদি ভবিষ্যতে এই টেকনিক্যাল জোট কোনোভাবে নতুন সংঘাতে জড়িয়ে পড়ে, তাহলে তুরস্ক তাদের অবস্থান পুনর্মূল্যায়ন করবে।

একইসঙ্গে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে চলমান উত্তেজনা প্রসঙ্গে ফিদান আশাবাদ ব্যক্ত করেন। তিনি মনে করেন, পাকিস্তানে অনুষ্ঠিতব্য দ্বিতীয় দফার আলোচনায় এ ইস্যুর অগ্রগতি বা সমাধান আসতে পারে।